ছোটপর্দায় অপরাজিতার ছানাগিরি

অপরাজিতা ঘোষ দাস

শোখার প্রক্রিয়াটা মজার হলে তবেই সবচেয়ে ভাল করে কোনও কিছু শেখে শিশুরা। এই ভাবনাকে সামনে রেখে সান বাংলায় গত ৯ আগস্ট থেকে শুরু হয়েছে খুদেদের অন্য রকম গেম শো 'ছানাগিরি'। সঞ্চালনায় ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী অপরাজিতা ঘোষ দাস। ৫ থেকে ১২ বছর বয়সি শিশুরা এই শো-এর মঞ্চে খেলতে, শিখতে, নতুন জিনিস আবিষ্কার করতে এবং আকর্ষণীয় পুরস্কার জিততে পারবে।

'ছানাগিরি' শিশুদের প্রতিদিনের চেনা পড়াশোনার রুটিন ও বইয়ের বোঝা থেকে কিছুটা দূরে এনে এক আনন্দের পরিবেশে তাদের সৃজনশীলতাকে উসকে দিচ্ছে। শো-এর মূল ট্যাগলাইন হল— "খেলব, শিখব, জিতব"। খেলার ছলে নতুন কিছু আবিষ্কার এবং শেখার আনন্দকেই উদযাপন করছে এই মঞ্চ।

শো-এর স্পটলাইট বা মূল নজর খুদেদের উপরে থাকলেও, তাদের মায়েদের জন্যও এই সফরের অংশ হওয়ার এক সুবর্ণ সুযোগ রয়েছে।

বিগ বস-এর ঘরে 'দাদার কীর্তি'

স্টার জলসায় নতুন যাত্রা শুরু করছেন সৌরভ গাঙ্গুলি। আসছে রিয়্যালিটি শো 'বিগ বস বাংলা'। এবার চতুর্থ সিজনে সঞ্চালকের দায়িত্বে রয়েছেন বাংলার 'দাদা'। অপেক্ষার অবসান ঘটিয়ে আগামী ৩০ আগস্ট থেকে সম্প্রচারিত হবে এই রিয়্যালিটি শো।

'বিগ বস'-এর ঘরে নতুন রূপে দেখা যাবে সৌরভকে। ইতিমধ্যেই প্রকাশ্যে এসেছে তাঁর লুক। লেদার জ্যাকেট, চোখে সানগ্লাস। বুলেট চালিয়ে 'বিগ বস'-এর ঘরে এন্ট্রি হচ্ছে তাঁর। এই প্রোমো প্রকাশ্যে আসতেই সরগরম টলিপাড়া। নতুন যাত্রা শুরুর আগে সাংবাদিক সম্মেলনে হাজির বাংলার 'মহারাজ'। সঙ্গে ছিলেন স্টারের এন্টারটেনমেন্ট বিজনেস হেড সুমন্ত বসু।

সুমন্ত বসু ও সৌরভ গাঙ্গুলি

'বিগ বস বাংলা'র নতুন ফিচার নিয়ে আজকাল টেলিভিশন-কে সুমন্ত বলেন, "অবশ্যই নতুন চমক থাকবে। কারণ, বহু বছর পরে বাংলায় বিগ বস আসছে। সৌরভ যেখানে সঞ্চালনায়, সেখানে শুরু থেকেই চমক থাকবে। আর চিরাচরিত ফরম্যাটও বদলাবে।"

এই শো-এ প্রতিযোগীদের দ্বন্দ্ব কীভাবে সামলাবেন সৌরভ? আজকাল টেলিভিশন-এর প্রশ্নের জবাবে 'দাদা' বলেন, "এত বছর ধরে মাঠে বিভিন্ন ধরনের মানুষকে সামলেছি। তাদের অভিযোগ, মনোমালিন্য সবকিছুই দেখেছি। নিজের মতো করে এতদিন সামলে নিয়েছি। এবারও নিজের উপর বিশ্বাস আছে। আমার কাছে এই শো-টা ঝগড়ার জায়গা নয়। তবে কারও আচরণের উপর তো নিয়ন্ত্রণ থাকবে না। বাকিটা বিগ বসের ঘরে দেখা যাবে।"

দাদা কি এই শো-এর সঞ্চালক হিসাবে চরম, গরম নাকি নরম? একটু হেসে সৌরভ বলেন, "নরম। আমি বরাবরই এরকম স্বভাবের।" হিন্দি 'বিগ বস'-এর সঞ্চালনায় দেখা যায় সলমন খানকে। এই শো শুরুর আগে তাঁর সঙ্গে কি কোনও কথা হয়েছে সৌরভের? তিনি বলেন, "অমিতাভ বচ্চন, শাহরুখ খান, আমির খান, অক্ষয় কুমারের সঙ্গে দেখা হলেও এখনও পর্যন্ত সলমনের সঙ্গে আমায় আলাপ হয়নি। বলিউডের একটা ইভেন্টে দেখা হয়েছিল শুধু। সুমন্তদা বাংলার বিগ বস-এ সলমনকে নিয়ে আসুক একটা পর্বে, সেটাই চাইব।" প্রসঙ্গত, এদিনের অনুষ্ঠানে দেখা মিলল 'ননসেন' সমীক অধিকারীর। তাঁকে কি এই রিয়্যালিটি শো দেখা যাবে? তা যদিও এখনও পর্যন্ত খোলসা নয়।

এবার দুগ্‌গা শ্রীতমা

ওটিটির বাজারে আসছে নতুন প্ল্যাটফর্ম।পরিচালক-প্রযোজক অরিন্দম ভট্টাচার্য ঘোষণা করেছেন তাঁর নতুন প্রিমিয়াম বাংলা ওটিটি প্ল্যাটফর্ম 'ম্যাট্রিক্স ওয়ান'। তারই জন্য তৈরি হচ্ছে একটি নতুন সিরিজ। নাম, 'দুগগা'। পরিচালনায় সায়ন বন্দ্যোপাধ্যায়। সিরিজের গল্প এগোবে গ্রাম্য পরিবেশকে ঘিরে। গ্রামের কৃষকদের জমি এক আন্তর্জাতিক সংস্থা লিজ-এ নিয়ে নেওয়ার চেষ্টা করে। পঞ্চায়েত প্রধান এবং তার দলবল সাহায্য করে এই সংস্থাকে। কৃষকদের ঠকিয়ে তারা তাদের স্বার্থসিদ্ধির চেষ্টা করে। পুরো প্রক্রিয়ার বিরুদ্ধে রুখে দাঁড়ায় একটি মেয়ে। তার নাম দুগ্গা। শুরু হয় এক অসম লড়াই। মেয়েটির প্রতিবাদ আর তার পরিণতি নিয়েই এগোবে সিরিজের গল্প। প্রথমবার ওয়েব সিরিজ পরিচালনায় সায়ন বন্দ্যোপাধ্যায়। এই সিরিজে মুখ্য চরিত্রে রয়েছেন শ্রীতমা দে ও সৌমেন চক্রবর্তী। এছাড়া গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা যেতে পারে অভিনেতা রজতাভ দত্তকেও। চলতি বছর পুজোর আগেই শুটিং শুরু এই সিরিজের।

শ্রীতমা দে

ফ্রাইডে-তে উল্টোরথ


বিশ্বজিৎ চক্রবর্তী

প্রিয়াঙ্কা সরকার

এবার 'উল্টোরথ'-এর দড়ি টানবেন কৌশিক সেন, প্রিয়াঙ্কা সরকার ও বিশ্বজিৎ চক্রবর্তী। অনির্বাণ চক্রবর্তীর পরিচালনায় আসছে তিন প্রজন্মের গল্পকে ঘিরে ছবি, 'উল্টোরথ'। ফ্রাইডে ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি পাবে এই ওয়েব ফিল্ম। আজকাল টেলিভিশনে প্রকাশ্যে ছবির চরিত্রদের প্রথম ঝলক। গল্প অনুযায়ী, এক ছাদের নিচে তিন প্রজন্মের তিন পুরুষ—পরিবারের বয়স্ক কর্তা দেবর্ষি, তাঁর ছেলে রাজর্ষি এবং প্রাণোচ্ছল নাতি ঋষি। যে নারীরা একসময় এই পরিবারকে আগলে রেখেছিলেন, তাঁরা কেউ আজ বেঁচে নেই। এক ছাদের নিচে বসবাস করলেও সময়ের সঙ্গে সঙ্গে চ্যাটার্জি পরিবারের দূরত্ব কেবলই বেড়েছে। কথা হয় শুধু প্রয়োজনের খাতিরে, আবেগগুলো থেকে যায় অব্যক্ত। তবে এই ছকবাঁধা জীবনে হঠাৎই এক বড় মোড় আসে, যখন দেবর্ষি জানতে পারেন তাঁর অতীতের ভালবাসা মাধবীলতা বর্তমানে 'উল্টোরথ' নামের একটি বৃদ্ধাশ্রমে থাকেন। এই আবিষ্কার তাঁর মনে পুরনো স্মৃতি ফিরিয়ে আনে এবং নাতি ঋষির সহায়তায় শুরু হয় এক নতুন অধ্যায়। অন্যদিকে, রাজর্ষির সুশৃঙ্খল জীবনে ঝোড়ো হাওয়ার মতো আসে প্রিয়া। সময়ের সঙ্গে সঙ্গে তাদের সখ্যতা বাড়ে এবং প্রিয়াও চ্যাটার্জি পরিবারের নিত্যদিনের জীবনের অংশ হয়ে ওঠে। পরিবারে এই নতুন মানুষের আগমন এবং পুরোনো স্মৃতির রোমন্থনে বদলে যেতে শুরু করে চ্যাটার্জি বাড়ির অন্দরমহলের সমীকরণ। এরপর কী হয়? সেই উত্তর দিতে আসছে 'উল্টোরথ'।

ফের জুটিতে রাহুল-স্বস্তিকা

বাংলা টেলিভিশন দুনিয়ার সাম্প্রতিক ইতিহাসে অন্যতম দীর্ঘদিন ধরে চলা ধারাবাহিক ছিল 'অনুরাগের ছোঁয়া'। একটা সময়ে লাগাতার টিআরপি তালিকায় শীর্ষে থেকেছে। পরে নম্বরের পতন হলেও, জনপ্রিয়তায় ভাঁটা পড়েনি। দীপা, সূর্য, সোনা, রূপা, আদিত্য যেন বাংলার প্রতিটি ঘরের আপনজন হয়ে উঠেছিল। এই ধারাবাহিকে প্রথমে দীপা এবং পরে সোনার চরিত্রে দেখা গিয়েছিল স্বস্তিকা ঘোষকে। তাঁর বিপরীতে ছিলেন রাহুল মজুমদার। সেই জুটি আবারও ফিরতে চলেছে। সদ্য রাহুল মজুমদার তাঁর এবং স্বস্তিকা ঘোষের একগুচ্ছ ছবি সমাজমাধ্যমে পোস্ট করেন। সঙ্গে ক্যাপশন, 'আসছি।' ছবিতে তাঁদের দু'জনকেই ক্যাজুয়াল লুকে, স্ক্রিপ্ট হাতে দেখা গেল। অভিনেতার পরনে হলুদ শার্ট, কালো প্যান্ট। অভিনেত্রী গোলাপি কুর্তিতে। কিন্তু ব্যাপারটা কী? তাঁরা কি আবারও ছোটপর্দায় ফিরছেন, নাকি অন্য কোথাও? খোঁজ নিল আজকাল টেলিভিশন।

স্বস্তিকাকে ফোন করা হলে তিনি বিশেষ কিছুই বলতে চাননি। কেবল জানান, "শুটিং চলছে। শিগগিরই সবটা জানাব। নতুন কিছু আসছে, এটুকু বলতে পারি।" অন্যদিকে রাহুল চমক দিলেন। তিনি আজকাল টেলিভিশনকে বলেন, "সিনেমা আসছে আমাদের। শুটিং চলছে। এটা আমার প্রযোজনা সংস্থার প্রথম কাজ।" তবে পরিচালক কে, গল্প কী বা কোথায় দেখা যাবে এই ছবি, বড়পর্দা না ওয়েব দুনিয়া, সেটা জানার জন্য দর্শকদের অপেক্ষা করতে হবে। রাহুল নিজেই জানালেন, চলতি মাসেই সবটা ঘোষণা করবেন তাঁরা। অভিনেতা বললেন, "১৪-১৫ আগস্ট ঘোষণা করা হবে সব। সবটা জানাব।"

রাহুল মজুমদার ও স্বস্তিকা ঘোষ

রাহুল এবং স্বস্তিকা, দু'জনেই বর্তমানে দুই ধারাবাহিকের কাজ নিয়ে ব্যস্ত। স্বস্তিকাকে দর্শক এখন জি বাংলার হিট ধারাবাহিক 'অন্নপূর্ণার লক্ষ্মীরা'য় দেখতে পাচ্ছেন। অন্যদিকে রাহুলকে দর্শক 'শুভ'র ভূমিকায় 'সাত পাকে বাঁধা' ধারাবাহিকে দেখছেন। তাঁদের জুটির নতুন রূপে কামব্যাক যে অনুরাগীদের জন্য এক বিশাল পাওনা, সেটা বলার অপেক্ষা রাখে না।

শুভস্মিতা কাঞ্জি

তথ্য সঙ্কলন: শ্যামশ্রী সাহা, স্নিগ্ধা দে

Sudip Srimal, Director
NEHRU CHILDREN'S MUSEUM
S/o of Founder Director Late Jugal Srimal
•S.S.Mukherji, Chairman •Indrani Sengupta, Secretary
•All Our Committee Members
expresses their Deep Gratitude to
HON'BLE Sri SUVENDU ADHIKARI,
Chief Minister, Govt. of West Bengal
Hon'ble Ministers of Govt. of West Bengal
Respected **Dr. Subrata Gupta (IAS),**
Chief Advisor to the Hon'ble Chief Minister
for their assurance that the
Authorities of Govt. of West Bengal will update the
Prevalent Fire Norms at NEHRU CHILDREN'S MUSEUM
Special Thanks to Respected **Sri Samik Bhattacharya,** MP and State President, Bharatiya Janata Party for his assurance over telephone to Sudip Srimal and that also from **Parliament House (New Delhi)** and assuring him that he has personal sentiments about **Nehru Children's Museum** and he will ensure that **it will not be closed.**
Our Committee Members are extremely grateful to thousands of wellwishers who appealed successfully to the Hon'ble Chief Minister **Sri Suvendu Adhikari** to **stop the closure of Nehru Children's Museum (Heritage of Bengal).**
Our Heartfelt gratitude to the Editors & Correspondents of Print & Digital Media for their continuous support and wide coverage.
Indrani Sengupta, Secretary **Sudip Srimal,** Director

ওয়েষ্ট বেঙ্গল গ্রামীণ ব্যাঙ্ক West Bengal Gramin Bank
(Scheduled Bank Owned by Government)
বাঁকুড়া আঞ্চলিক অফিস, কলেজ রোড, পোঃ-বাঁকুড়া, পিন ৭২২১০১, robankura@wbgb.bank.in

রুল ৮(১) দখল বিজ্ঞপ্তি

যেহেতু, ওয়েষ্ট বেঙ্গল গ্রামীণ ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতা/ জামিনদারগণ: **১. মিঃ গণেশ রুদ্র** (পিতা ভোলানাথ রুদ্র), কৃষ্ণগঞ্জ, বিষ্ণুপুর, পোঃ বিষ্ণুপুর, জেলা বাঁকুড়া, পিন-৭২২১২২ **(ঋণগ্রহীতা) ২. ঝুমু রুদ্র** (স্বামী গণেশ রুদ্র), কৃষ্ণগঞ্জ, বিষ্ণুপুর, পোঃ বিষ্ণুপুর, জেলা বাঁকুড়া, পিন-৭২২১২২ **(জামিনদার) ৩. কার্তিক রুদ্র**, পিতা ভোলানাথ রুদ্র, কৃষ্ণগঞ্জ, বিষ্ণুপুর, পোঃ বিষ্ণুপুর, জেলা বাঁকুড়া, পিন-৭২২১২২ (জামিনদার)-এর প্রতি **২৯.০৫.২০২৬** তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি/বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক বাবদ **₹২৪,৫৯,৬৭৩.৪২/- (চব্বিশ লক্ষ উনষাট হাজার ছশো তিয়াত্তর টাকা এবং বিয়াল্লিশ পয়সা মাত্র)** আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা-এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নস্বাক্ষরকারী **১২ আগস্ট, ২০২৬** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ জামিনদার-কে উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না-করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে-কোনও ধরনের লেনদেন **৩১.০৭.২০২৬ তারিখের ভিত্তিতে ₹২৫,২৭,৫৫৫.৪২/- (পঁচিশ লক্ষ সাতাশ হাজার পাঁচশো পঞ্চান্ন টাকা এবং বিয়াল্লিশ পয়সা মাত্র)** এবং তার উপর সুদ ও অন্যান্য চার্জ সমেত **ওয়েস্ট বেঙ্গল গ্রামীণ ব্যাঙ্ক**-এর প্রতি দায় সাপেক্ষ হবে।

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/জামিনদারগণ/বন্ধকদাতাগণের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ :-

ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি, বন্ধকী নথি/দলিল (সূচি খ) তে নথিতে বিবৃত অনুসারে-দলিল নং I-২৬৬০, তারিখ ১৪.১২.২০০৪। প্লট নং ৫৯০৫, খতিয়ান নং ২০৬১০ এবং ২০৬১১, মৌজা কৃষ্ণগঞ্জ, জে এল নং ১০১, শ্রেণী-বাস্তু, মাপ ২.৪০ ডেসিমেল, স্বত্বাধিকারী কার্তিক রুদ্র এবং গণেশ রুদ্র। **চৌহদ্দি: উত্তর**-বিশ্বনাথ নন্দীর বাড়ি; **দক্ষিণ**-অন্যদের বাড়ি; **পূর্ব**-৫ ফুট চওড়া পুর রাস্তা ও ফেলা রায় পাল ও অন্যদের বাড়ি; **পশ্চিম**-অন্যদের বাড়ি।

তারিখ: ১২.০৮.২০২৬ — **অনুমোদিত আধিকারিক, ওয়েস্ট বেঙ্গল গ্রামীণ ব্যাঙ্ক**
স্থান: বাঁকুড়া — **বাঁকুড়া আঞ্চলিক অফিস**

পঞ্জাব নেশনাল বৈঙ্ক ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon!
২৪.০৯.২০২৬ তারিখের ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
সার্কল অফিস, স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট ডিভিশন, দুর্গাপুর (সিও এসএএমডি দুর্গাপুর)
নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ / ই-মেল: codgprec@pnb.bank.in

অস্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
ইএমডি (বায়না জমা) এবং নথিপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: সংশ্লিষ্ট ই নিলামের তারিখ ২৪.০৯.২০২৬, দুপুর ২টো পর্যন্ত
সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২) অধীনে এই ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৬(২)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে অস্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে রেহানাবদ্ধ/ দায়বদ্ধ করা নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/বাস্তবিক/প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত অস্থাবর সম্পত্তি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

অস্থাবর সম্পত্তিগুলির বিবরণ [সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার গঠনমূলক / বাস্তবিক দখলে রয়েছে]

ক্রম নং	শাখার নাম / অ্যাকাউন্টের নাম, ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা	বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতার নাম] এবং দখলের প্রকৃতি	ক) ক্রোকের বিজ্ঞপ্তি খ) ক্রোকের তারিখ গ) নির্ধারিত তারিখে বকেয়া	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য (টাকার অঙ্কে)	ই-নিলামের তারিখ ও সময়
১	**শাখা অফিস: ২২১৫১০-বর্ধমান-বিধাননগর** **অ্যাকাউন্ট: পরমেশ্বর কুমার তাঁতি** **ঋণগ্রহীতা / জামিনদার: পরমেশ্বর কুমার তাঁতি,** ৪ই/১৯ সেপকো সিটি সেন্টার, জলের ট্যাঙ্কের নিকটে, সেপকো টাউনশিপ, স্টিল টাউন ইস্ট, পশ্চিম বর্ধমান, দুর্গাপুর, পশ্চিমবঙ্গ-৭১৩২০৫ **পরমেশ্বর কুমার তাঁতি,** পিতা রাম নারায়ণ তাঁতি, রিখিয়া মালহারা, রামপুর মা কালী মন্দিরের নিকটে, দেওঘর, ঝাড়খন্ড-৮১৪১৫৭ **পরমেশ্বর কুমার তাঁতি**, পিতা রাম নারায়ণ তাঁতি, ছাপাপুর, বেনাগড়িয়া, ধানবাদ, ঝাড়খন্ড-৮২৮২০৫	প্রস্তুতকারকের নাম : মাহিন্দ্রা অ্যান্ড মাহিন্দ্রা/মডেল: স্করপিও ক্লাসিক এস১১ এমটি ৭এস রং: কালো, গাড়ির ধরন: এসইউভি/চেসিস নং: MA1TA2YS2R2D18970 ইঞ্জিন নং: YSR4D78794/ ট্যাঙ্কের ক্ষমতা: ৬০ লিটার জ্বালানির ধরন: ডিজেল/সিটিং ক্ষমতা: ৭ (ড্রাইভার সহ) গাড়ির অবস্থা: অ্যাভারেজ অবস্থা টায়ার: খারাপ অবস্থা, রেজিস্ট্রেশন নং: উপলব্ধ নয় (অস্থায়ী রেজিস্ট্রেশন JH15U6666) (বিধাননগর থানা দ্বারা গাড়িটি ক্রোক করা) ফিটনেসের বৈধতা: উপলব্ধ নয় (বিধাননগর থানা দ্বারা গাড়িটি ক্রোক করা) ইনসুরেন্সের বৈধতা: উপলব্ধ নয় (বিধাননগর থানা দ্বারা গাড়িটি ক্রোক করা) ট্যাক্স টোকেন বৈধতা: উপলব্ধ নয় (বিধাননগর থানা দ্বারা গাড়িটি ক্রোক করা) ইগনিশন কি: উপলব্ধ নয় (বিধাননগর থানা দ্বারা গাড়িটি ক্রোক করা)	ক) ১৩.০৯.২০২৪ খ) ১২.০১.২০২৫ গ) ₹২১,৫০,৯০৯.০০ (একুশ লক্ষ পঞ্চাশ হাজার নশো নয় টাকা মাত্র)	ক) ₹৮.৮৭ লক্ষ খ) ₹০.৮৯ লক্ষ গ) ₹১০,০০০/-	২৪.০৯.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে

শর্ত ও নিয়মাবলি:
এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:
১. সম্পত্তিগুলি 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে প্রদত্ত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. এই বিক্রি সংশ্লিষ্ট **২৪.০৯.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে** https://www.baanknet.com ওয়েবসাইটে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক www.baanknet.com ওয়েবসাইট দেখুন।
৫. বিক্রির শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী বিডারগণ অনুগ্রহপূর্বক এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন: **এস বালাজি (চিফ ম্যানেজার), মোবাইল: ৯৮৩১৭৭৯৭৮০।**

সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২-এর রুল ৬(২) অধীনে ৩০ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

তারিখ: ১৪.০৮.২০২৬ — **এস বালাজি, চিফ ম্যানেজার ও অনুমোদিত আধিকারিক**
স্থান: দুর্গাপুর — **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক**

সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর রুল ৬(২) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

পঞ্জাব নেশনাল বৈঙ্ক ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon!
০২.০৯.২০২৬ তারিখের ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, দুর্গাপুর
নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর-৭১৩২১৩, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ। ই-মেল: cs8222@pnb.bank.in

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
ইএমডি (বায়না জমা) এবং নথিপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: সংশ্লিষ্ট ই-নিলামের তারিখ অর্থাৎ, ০২.০৯.২০২৬, দুপুর ২টো পর্যন্ত
সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২) অধীনে এই ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

স্থাবর সম্পত্তিগুলির বিবরণ [সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার গঠনমূলক / বাস্তবিক দখলে রয়েছে]

ক্রম নং	শাখার নাম / অ্যাকাউন্টের নাম, ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা	বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতার নাম] এবং দখলের প্রকৃতি	ক) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) ১৩(২) নোটিসের তারিখে বকেয়া	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য (টাকার অঙ্কে)	ই-নিলামের তারিখ ও সময়	সুরক্ষিত ঋণদাতার জানা দায় (যদি থাকে) সম্পর্কিত তথ্য
১.	**শাখা অফিস: ০৪৫০২০- সিটি সেন্টার (দুর্গাপুর)** **অ্যাকাউন্টের নাম: মেসার্স এনটিইসি ইঞ্জিনিয়ারস (প্রাঃ) লিঃ** **ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার/ অংশীদার:** **১. মেসার্স এনটিইসি ইঞ্জিনিয়ারস (প্রাঃ) লিঃ** হোল্ডিং নং ২৩০, বাদু রোড, পোঃঅঃ- মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা- ৭০০১২৮ **শ্রী আশিস কুমার ব্যানার্জি,** গোপীনাথপুর, ১৪৫/এন, পোঃঅঃ- বিধাননগর, দুর্গাপুর-৭১৩২১২ **শ্রী মনোজিৎ কুমার সাহা,** পিতা- প্রয়াত ভোলানাথ সাহা, ১৭/১এইচ, সেভেন ট্যাঙ্কস লেন, পোঃঅঃ- বেলগাছিয়া, কলকাতা-৭০০০৩০ **শ্রী রঞ্জিত কুমার সাহা,** পিতা- প্রয়াত ভোলানাথ সাহা, ১৪জি, সমর সরণি, পোঃঅঃ- সিঁথি, কলকাতা-৭০০০৫০	প্রায় ৪ কাঠা ৩ ছটাক ৩০ বর্গফুট জমি ও এর উপরিস্থিত তিনতলা আবাসবাড়ির অপরিহার